

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাংশা, রাজবাড়ী।

স্মারক নং ১৩.০২.৮২৭৩.০০৪.৫৭.০০২.২৪-২৯০

তারিখ- ০৯/০৭/২০২৫ খ্রি.

প্রাপক,

০১. চেয়ারম্যান (সকল)
০২. প্রশাসনিক কর্মকর্তা (সকল)
০৩. ইউ,ডি,সি (সকল)

বাবুপাড়া/ কসবামাজাইল/ মাছপাড়া/ যশাই/ পাট্টা/ মৌরাট/ শরিয়া/ বাহাদুরপুর/ কলিমহর/ হাবাসপুর ইউনিয়ন পরিষদ,
পাংশা, রাজবাড়ী।

বিষয় : 'খাদ্যবান্ধব কর্মসূচির' আওতায় উপকারভোগীর সংখ্যা বর্ধিতকরণ প্রসঙ্গে।

সূত্র : ০১। খাদ্য মন্ত্রণালয়ের ০২/০৭/২০২৫ খ্রি. তারিখের ২৩০ নং পরিপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকাদেশ মোতাবেক আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় পাংশা উপজেলাধীন প্রতিটি ইউনিয়নে নিম্নবর্ণিত ছক অনুযায়ী নতুন উপকারভোগী অর্ন্তভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়েছে।


ক্র.নং	ইউনিয়নের নাম	নতুন অনুমোদিত উপকারভোগীর সংখ্যা	ক্র.নং	ইউনিয়নের নাম	নতুন অনুমোদিত উপকারভোগীর সংখ্যা
০১	বাবুপাড়া	২০ জন	০৬	মৌরাট	৩১ জন
০২	কসবামাজাইল	৩৬ জন	০৭	শরিয়া	২৬ জন
০৩	মাছপাড়া	৩১ জন	০৮	বাহাদুরপুর	২৯ জন
০৪	যশাই	২৭ জন	০৯	কলিমহর	২৬ জন
০৫	পাট্টা	২৬ সজন	১০	হাবাসপুর	৪৮ জন
মোট					৩০০ জন

তালিকা প্রণয়ন করার ক্ষেত্রে আবশ্যিকভাবে নিম্নে উল্লেখিত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে।

- ১। ইউনিয়নে বসবাসরত নিম্ন আয়ের দরিদ্র জনসাধারণের মধ্যে থেকে দারিদ্রের প্রকোপ, দুস্থতা ইত্যাদি বিবেচনায় উপকারভোগী পরিবার নির্বাচন করতে হবে;
- ২। নির্বাচিত পরিবারকে ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। উল্লেখ্য একই পরিবারের একাধিক ব্যক্তিকে (একান্নভুক্ত/একই হাড়িতে খায় এমন) এবং VWB কর্মসূচির কার্ডধারীদেরকে খাদ্যবান্ধব কর্মসূচির তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না। এমনকি ইতপূর্বে ভিডলিউবি, বিধবা, বয়স্ক, প্রতিবন্ধি ভাতা পেত এমন কাউকে এ তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না।
- ৩। গ্রামে বসবাসরত সবচেয়ে হতদরিদ্র পরিবার, ভূমিহীন, কৃষি শ্রমিক, দিনমজুর, উপার্জনে অক্ষম ব্যক্তি/ পরিবারকে নির্বাচন করতে হবে;
- ৪। বিধবা/তালাকপ্রাপ্তা/স্বামী পরিত্যক্তা/অস্বচ্ছল বয়স্ক নারী প্রধান পরিবার/নারী শ্রমিক/যে সকল দুঃস্থ পরিবারে শিশু বা প্রতিবন্ধি রয়েছে সেইসব ব্যক্তি/ পরিবারকে অগ্রাধিকার দিতে হবে;
- ৫। তালিকাটি অবশ্যই সংযুক্ত নির্ধারিত ছকে nikosh ফন্টে excel sheet-এ যথাযথভাবে প্রণয়ন করতে হবে এবং কোন তথ্য/কলাম অসম্পূর্ণ রাখা যাবে না। এছাড়া সকল তথ্য নির্ভুল হতে হবে;
- ৬। তালিকার হার্ডকপি ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটির স্বাক্ষর করে তা রেজুলেশন আকারে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, পাংশা, রাজবাড়ী দপ্তরে দাখিল করতে হবে এবং সফট কপি অবশ্যই paংশা@kibymail.com মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।

বিষয়টি অতীব জরুরি হিসেবে গণ্য করে আগামি ১৭/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে খাদ্যবান্ধব কর্মসূচির তালিকার বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হলে সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটিকে দায়ভার বহন করতে হবে।

সংযুক্তঃ ১। নির্ধারিত নমুনা ছক- ০১ (এক) পাতা।



(এস,এম, আবু দারদা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
পাংশা, রাজবাড়ী।

স্মারক নং-১৩.০২.৮২৭৩.০০৪.৫৭.০০২.২৪-২৯০ /৩(৬)



তারিখ: ০৯/০৭/২০২৫ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী।
- ৫। খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর।
- ৬। অফিস কপি।



(এ,কে,এম, শাহনেওয়াজ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
পাংশা, রাজবাড়ী।
০১৭১৫০৪২৬৫৫